দৈনিক জনকণ্ঠ

21/8/2001

তারিখ ... পৃষ্ঠা ১ কলাম ৩

# ঢাবির সকল পরীক্ষা ২৭ আগস্ট পর্যন্ত স্থগিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবার আগামী ২৭ আগস্ট পর্যন্ত সাত দিনের সকল পরীক্ষা স্থগিত করেছে। কর্তৃপক্ষ সকল ছাত্র সংগঠনকে সহমর্মিতা ও সহযোগিতার সংস্কৃতি গড়ে তোলার আহ্বান জানিয়েছে। কর্তৃপক্ষ এবার

(১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## ঢাবির সকল পরীক্ষা

(প্রথম পাতার পর)

শেষ চেষ্টা চালাতে আরও সাত দিনের এই পর্যবেক্ষণের সময় নিয়েছে। ছাত্রলীগ নেতা ফিরোজ হত্যাকাণ্ডের চার দিন পর ঘটনা তদন্তে কোন অগ্রগতির খবর পাওয়া যায়নি। এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল হলগুলো অস্ত্র, সন্ত্রাস এবং বহিরাগত মুক্ত করে সহাবস্থান নিশ্চিত না করা পর্যন্ত তাদের এই লাগাতার ধর্মঘট অব্যাহত রাখার স্থির সিদ্ধান্ত নিয়েছে। প্রয়োজনে এই লাগাতার ধর্মঘট জাতীয় নির্বাচন পরবর্তী সময় পর্যন্ত গড়াতে পারে বলে ছাত্রদলের এক শীর্ষ নেতা জানিয়েছেন। এদিকে বিশ্ববিদ্যালয়ের হলগুলো ফাঁকা হয়ে গেছে। উদ্বিগ্ন অভিভাবকদের কথা চিন্তা করে ছাত্রছাত্রীরা ক্যাম্পাস ছেড়ে চলে যাচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় আগামী ২৭ আগস্ট পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কলাভবন কেন্দ্র এবং কার্জন হল কেন্দ্রের সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে। এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু জনকণ্ঠকে এক সাক্ষাতকারে বলেছেন– কোন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়া জাতির জন্য কল্যাণকর নয়। তাছাড়া বন্ধ করে দিয়ে সমস্যার সমাধানও সম্ভব নয়। এটা কোন শিল্প প্রতিষ্ঠানে সম্ভব হলেও শিক্ষা প্রতিষ্ঠানে সম্ভব নয়। তিনি বলেন, কর্তৃপক্ষ নিরপেক্ষ অবস্থান নিয়ে হলগুলো অস্ত্র ও বহিরাগত সন্ত্রাসী মুক্ত করার আগে ধর্মঘট প্রত্যাহার করা হবে না। ছাত্রদলের নেতাকর্মীদের সহাবস্থান নিশ্চিত না করা পর্যন্ত কোন আলোচনা হবে না। তিনি প্রশ্ন করে বলেন, সহাবস্থান প্রক্রিয়া ভেস্তে যাওয়ার জন্য ছাত্রদলের নেতাকর্মীরা কি দায়ী? তিনি বলেন, উপাচার্য ফিরোজের নিরাপত্তা দিতে পারেননি, অস্ত্র ও বহিরাগত মুক্ত করতে পারেননি। তিনি যদি এসব করতে না পারেন তাহলে দায়িত্বে থাকবেন কি করে। আর যদি তত্ত্বাবধায়ক সরকার হলগুলো অস্ত্র ও বহিরাগত মুক্ত করার ক্ষেত্রে তাঁকে সহযোগিতা না করে তা হলে তিনি বিবৃতি দিয়ে বলুন–বাকিটা ছাত্রদল ব্যবস্থা করবে।